

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.৯০৬(২).১৭-৩০৫

তারিখঃ ১৯/০৬/২০১৮ খ্রিঃ


বিষয়ঃ জেজিটিডিএসএল এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন “শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চল, শেরপুর, মৌলভীবাজার-এ গ্যাস সরবরাহ” শীর্ষক প্রকল্পের “ক্যাথোডিক প্রটেকশন ইন্সটালেশন ওয়ার্ক ফর গ্যাস সাপ্লাই টু শ্রীহট্ট ইকোনমিক জোন প্রজেক্ট”-এর দাখিলকৃত দরপত্রের অভিযোগের প্রেক্ষিতে সিপিটিইউ-এর রিভিউ প্যানেল-৫ এর আদেশের বিষয়ে মতামত প্রদান।

সূত্র: পত্র নং-২৮.১৬.৯১০০.০৪৬.৮.০১.১৮/৬৮; তারিখঃ ২৯/০৫/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-১১ অনুযায়ী অনুমোদনকারী কর্তৃপক্ষ মূল্যায়ন কমিটির সুপারিশ বিবেচনায় উক্ত সুপারিশ অনুমোদন করতে পারে বা উক্ত সুপারিশ সম্পর্কে দরপত্র মূল্যায়ন কমিটির নিকট হতে ব্যাখ্যা চাইতে পারে। এছাড়া কারণ উল্লেখপূর্বক দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ বাতিলকরতঃ তা পুনঃমূল্যায়নের জন্য উক্ত কমিটিকে অনুরোধ করতে পারে বা মূল্যায়ন কমিটির সুপারিশ বাতিল করে দরপত্র পুনঃপ্রক্রিয়াকরণের জন্য নির্দেশনা দিতে পারে।

২। বিবেচ্য ক্ষেত্রে বিজ্ঞ রিভিউ প্যানেল দরপত্রটিকে পুনঃমূল্যায়ন (Re-evaluation) করার জন্য ক্রয়কারী কর্তৃপক্ষকে নির্দেশনা দিয়েছে। এ ক্ষেত্রে Re-evaluation এর অর্থ হচ্ছে একই দরপত্র মূল্যায়ন কমিটি দ্বারা দরপত্র পুনরায় মূল্যায়ন ও সুপারিশ প্রদান।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।


(মোহাম্মদ সালাহ উদ্দিন)
উপপরিচালক
ফোনঃ ৯১৮০৬৬৪

ব্যবস্থাপনা পরিচালক
জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন প্রকল্প ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।